# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

**সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৬০ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
তারিখ : ২৩-০৪-২০২৪ খ্রিঃ ।
সময় : সকাল ১০.০০ ঘটিকায় ।

**সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন।সভার শুরুতে জালালাবাদ ইউনিয়ন পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যান জনাব মানিক মিয়াকে বরণ করা হয় । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | | **বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ-** | | |
| ২.১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের বাস্তবায়নের হার ৮০% এছাড়া মে মাসের মধ্যে দরপত্রের আওতায় গৃহীত প্রকল্পের কাজ শেষ হবে।<br>আলোচনাকালে খাদিমনগর ইউপি চেয়ারম্যান জানান চলতি বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় খাদিমনগর ইউনিয়নে গৃহীত ভূলবসত লাখাউড়া মাদ্রাসার স্টীল গেইট নির্মান প্রকল্প দরপত্রের বিজ্ঞপ্তিতে আসেনি । তিনি উক্ত প্রকল্পটি দরপত্রের পরিবর্তে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন । | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১.২) চলতি বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় খাদিমনগর ইউনিয়নে গৃহীত ভূলবসত লাখাউড়া মাদ্রাসার স্টীল গেইট নির্মান প্রকল্পটি দরপত্রের পরিবর্তে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>আলোচনাকালে ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলা কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছিল। কিন্তু বেশ কিছু কমিউনিটি গিয়ে সিলিন্ডার পাওয়া যায়নি । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলা কমিউনিটি ক্লিনিকে প্রদানকৃত অক্সিজেন সিলিন্ডার সম্পর্কে বিস্তারিত তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী, ইউডিএফ কে নিয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত কমিটি আগামী সভায় প্রতিবেদন দাখিল করবেন এবং অব্যবহৃত অক্সিজেন সিলিন্ডার ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এছাড়া মাধ্যমিক পর্যায়ের স্কুল ২২ এপ্রিল খুলার কথা থাকলেও তীব্র তাপদাহের কারণে আগামী ২৮ এপ্রিল খুলবে ।তিনি আরোও জানান জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ে ভেন্যু হযরত শাহপরাণ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে, তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন । | ১.১)জাতীয় শিক্ষা সপ্তাহের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, প্রাথমিক বিদ্যালয়ের অনলাইন শুমারী শুরু হবে । | ১.১) অনলাইন শুমারী সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে । | উপজেলা [illegible] কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভবিক ভাবে চলছে।১ম ও ২য় পর্যায়ে টিআর, কাবিটা কর্মসূচীর কার্যক্রম শেষ পর্যায়ে। ৩য় পর্যায়ে টিআর, কাবিটার প্রকল্পের কাজ ২৮ মে এর মধ্যে শেষ করতে হবে ।<br>আলোচনাকালে অদ্য সভায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, বিগত ৩১ শে এপ্রিল-২০২৪ তারিখে ভয়াবহ শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ ঘরবাড়ি তুলনায় প্রাপ্ত টিনের সংখ্যা অত্যান্ত সামান্য, তিনি ১০০০ বান টিনের চাহিদা অদ্য সভার মাধ্যমে জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে ।<br>১.২) ৩য় পর্যায়ে প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে শেষ করতে হবে ।<br>১.৩) বিগত ৩১ শে এপ্রিল-২০২৪ তারিখে ভয়াবহ শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ ঘরবাড়ির চাহিদা সংকোলনের জন্য ১০০০(এক হাজার) বান টিনের চাহিদা জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৪) দুর্যোগকালীন জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রতিটি ইউনিয়ন পরিষদে সেচ্ছাসেবক টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বোরো ফসলের ভাল আবাদ হয়েছে, সারের উত্তোলন ও মজুদ পর্যাপ্ত পরিমান আছে, রবি শষ্য আবাদ চলমান ।<br>তিনি আরোও জানান উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি অফিস এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট আওতায় আগামী ২৮ এপ্রিল হতে ৩ মে পর্যন্ত ০৬ দিন ব্যাপী কৃষি প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হবে । তিনি সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি কামনা করেন । | ১.১। কৃষি প্রযুক্তি মেলা সুষ্ঠ ভাবে আয়োজন করতে হবে এছাড়া বোরো ফসল, সারের উত্তোলন ও মজুদ এবং রবি শষ্য আবাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গবাদি পশুদের টিকা প্রদান কার্যক্রম ও কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান । | ১.১) এলডিডিপি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা সহ বিভিন্ন ভাতার মোবাইলের মাধ্যমে প্রদান করা হয় । কিছু প্রতারক চক্র ভেরিফিকেশন কোড নিয়ে ভাতার টাকা হাতিয়ে নিয়ে যায় । তিনি সকল ইউপি চেয়ারম্যানগন জনগনকে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং প্রতারক চক্রের বিষয়ে জনগনকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয় । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১)নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে । | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান বিগত অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প ও হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, হাইজিন ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় | ১.১) চলতি অর্থ বছরে বরাদ্দকৃত ১৮২ টি পানির উৎসের কাজ দ্রুত শুরু করতে হবে। । | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য [illegible] চেয়ারম্যান সকল |

| | | | |
|---|---|---|---|
| | বরাদ্ধকৃত ৪৮৬ টি পানির উৎসের কাজ ৯৫% সমাপ্ত হয়েছে। দ্রুত সমস্ত কাজ শেষ হবে। চলতি অর্থ বছরে কেবলমাত্র সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্ধকৃত ১৮২ টি পানির উৎসের কার্যাদেশ পাওয়া গেছে দ্রুত কাজ শুরু করা হবে। | | |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান ঋণ আদায় ৬৯%, ঋণ বিতরণ ৮৫%, ঋণ খেলাপী প্রায় নয় কোটি টাকা । | ১.১। ঋণ খেলাপী রোধ করতে ইউপি চেয়ারম্যান (সকল) সার্বিক সহযোগিতা করবেন এবং প্রয়োজনে সার্টিফিকেট মামলা করা যেতে পারে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে । | উপজেলা বন কর্মকর্তা |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)যাবতীয় প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | চলতি মাসে একটি কমিটির সুপারিশ পাওয়া যায় যথাক্রমে:-<br>ক। আলোচনাকালে মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি জানান, গত ১২ ফেব্রুয়ারি উক্ত কমিটির দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয় । সভায় উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ১৪টি টু ইন পিট ল্যাট্রিন স্থাপনের লক্ষ্যে ৪,২০,০০০/-(চার লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | (ক) সিদ্ধান্ত: আগামী সভায় বিস্তারিত প্রাক্কলন উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫।মাননীয় উপদেষ্টার পরামর্শে | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই। | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত জালালাবাদ ইউপির পালপুর এবং কান্দিগাঁও ইউপির বাদেআলীতে বারিড পাইপ স্থাপন প্রকল্পে কাজ কিছু বাকি আছে ।তিনি ঠিকাদারের জামানতের টাকা সেই কাজ না হওয়া পর্যন্ত না দেয়ার প্রস্তাব করেন । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত জালালাবাদ ইউপির পালপুর এবং কান্দিগাঁও ইউপির বাদেআলীতে বারিড পাইপ স্থাপন প্রকল্পের অসম্পূর্ন কাজ শেষ না হওয়া পর্যন্ত জামানত না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় । | ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৯। বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, সমাজসেবা অফিসের পানির লাইন নষ্ট হওয়াতে অফিস পরিচালনা করতে ও অফিসে আগত ভাতাভোগীদের ব্যাপক অসুবিধা হচ্ছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন ।<br>বিবিধ-২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, ১৪৩১ বাংলা সনের জন্য সিলেট সদর উপজেলার হাট-বাজার সমূহের ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ দৈনিক মানবজমিন পত্রিকার ৪৬,৪৭১/-(ছিচল্লিশ হাজার চারশত একাত্তর)টাকার বিল এবং দৈনিক উত্তরপূর্ব পত্রিকার-৩১,৯৪২/-(একত্রিশ হাজার নয়শত বিয়াল্লিশ) টাকার বিল পাওয়া গেছে । উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১) সভায় সর্বসম্মতি সমাজসেবা অফিসের পানির লাইন সংস্কার মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করা হয় ।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা রাজস্ব তহবিলের পত্রিকা বিজ্ঞপ্তি বিল খাত হতে সিলেট সদর উপজেলার হাট-বাজার সমূহের ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ দৈনিক মানবজমিন পত্রিকার ৪৬,৪৭১/-(ছিচল্লিশ হাজার চারশত একাত্তর)টাকার বিল এবং দৈনিক উত্তরপূর্ব পত্রিকার-৩১,৯৪২/-(একত্রিশ হাজার নয়শত বিয়াল্লিশ) টাকার বিল স্ব স্ব প্রতিষ্ঠান বরাবর পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯.৬৪(৫০) তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৩। জেলা প্রশাসক, সিলেট ।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব ।মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৮। চেয়ারম্যান,-------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৯। জনাব/বেগম,----------------সিলেট সদর, সিলেট ।
১০। অফিস নথি।

নাছরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

**পরিশিষ্ট-ক**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |
| ০২) | মিজ্ মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৯) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ১০) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ১০) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১১) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | ডা: আনিকা তাবাসুম | প্রতিনিধি,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৩) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৪) | জনাব মো: জামাল উদ্দিন | প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৫) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব মো: ইকরামুল কবির | প্রতিনিধি,উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৮) | জনাব মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৯) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২১) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট । |
| ২২) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । |
| ২৩) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২৪) | জনাব মো: আবু তালহা | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সদর, সিলেট । |

<u>সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)</u>

| | | |
|---|---|---|
| ০১) | মিজ্ ফারজানা সিরাজ সুমি | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লীপ,বিআরডিবি সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | মিজ্ সাবিহা ফাতেমা | প্রতিনিধি, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |
| ০৬) | জনাব মো: রাশেল গাজী | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।. |

Scanned with CamScanner

সিলেট সদর উপজেলা পরিষদের ৬০ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর:- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়। ২৩/০৪/২০২৪

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | |
| ২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | Shamima |
| ৩ | মো: মানিক মিয়া | চেয়ারম্যান ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৪ | রফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। | ২৩/০৪/২৪ |
| ৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। | ২৩/৪/২০২৪ |
| ৬ | বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। | ২৩.০৪.২৪ ইং |
| ৭ | শফিকুর রহমান | চেয়ারম্যান ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট | ২৩/০৪/২০২৪ |
| ৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট | ২৩/০৪/২৪ |
| ৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট | ২৩/০৪/২৪ ইং |
| ১০ | | সংরক্ষিত মহিলা সদস্য আসন-২, সিলেট সদর, সিলেট | |
| ১১ | | সংরক্ষিত মহিলা সদস্য আসন-৩, সিলেট সদর, সিলেট | |
| ১২ | অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। | 23.04.24 |
| ১৩ | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | ২৩/০৪/২৪ |
| ১৪ | দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট | ২৩/০৪/২০২৪ |
| ১৫ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৬ | ডা: আহমদ সিরাজুম মুণীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | Alnika 23.04.24 |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৭ | শামচুন্নাহার | প্রোগাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। | |
| ১৮ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৯ | মো:হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। | |
| ২০ | অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট | |
| ২১ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২২ | ~~নুসরাত-এ-ইলাহী~~ মো: ইকরামুল হক | উপজেলা সমাজ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৩ | পাভেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৪ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৫ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। | |
| ২৬ | মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৭ | কামরুল হাসান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। | |
| ২৮ | শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট | |
| ২৯ | মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। | |
| ৩০ | মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩১ | মিজ্ মরিয়ম আক্তার সাইমা কোম এনি | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩২ | রাশেল গাজী | উপজেলা প্রশিক্ষক, আনসার ও ভিডিপি, সিলেট সদর, সিলেট। | |

৩৩. মো: আবু তালহা উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্রকৃষক উন্নয়ন ফাউন্ডেশন-সিলেট

Scanned with CamScanner